



বাংলাদেশ আর্চারী ফেডারেশন  
BANGLADESH ARCHERY FEDERATION

বিএএফ/বাংলাদেশ লিগ/২০২৫/১৭০

তারিখঃ ০৭.১০.২০২৫

সকল নিবন্ধিত সার্ভিসেস সংস্থা, প্রতিষ্ঠান ও ক্লাব

বিষয়ঃ '২০২৫ বাংলাদেশ লিগ রাউন্ড-৩' প্রসঙ্গে।

মহোদয়,

আপনি অবগত আছেন যে, বাংলাদেশ আর্চারী ফেডারেশন বার্ষিক ইভেন্ট ক্যালেন্ডার-২০২৫ অনুযায়ী নিয়মিতভাবে প্রোগ্রামসমূহ বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় আর্চারী খেলোয়াড়দের দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে বাংলাদেশ আর্চারী ফেডারেশনের ব্যবস্থাপনায় সকল নিবন্ধিত সার্ভিসেস সংস্থা, প্রতিষ্ঠান ও ক্লাবসমূহ নিয়ে আগামী ১৬ অক্টোবর ২০২৫ তারিখে দিনব্যাপী গাজীপুরের টঙ্গি আর্চারী প্রশিক্ষণ কেন্দ্রে '২০২৫ বাংলাদেশ লিগ রাউন্ড-৩' অনুষ্ঠিত হবে। উল্লেখ থাকে যে, '২০২৫ বাংলাদেশ লিগ রাউন্ড-৩' এ অংশগ্রহণকারী দলের জন্য ফেডারেশনের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না কিংবা কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। শুধুমাত্র দুপুরের খাবার সরবরাহ করা হবে। আরো উল্লেখ্য যে, অংশগ্রহণকারী দলসমূহকে আগামী ১২ অক্টোবর ২০২৫ তারিখে বিকেল ০৫:০০ ঘটিকার মধ্যে অংশগ্রহণের সম্মতিপত্রসহ নামের তালিকা (বাংলা ও ইংরেজিতে) অত্র ফেডারেশন কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং আগামী ১৬ অক্টোবর ২০২৫ সকাল ৮টায় আর্চারী ট্রেনিং সেন্টারে উপস্থিত থাকতে হবে। ১৬ অক্টোবর ২০২৫ সকাল ৯টায় '২০২৫ বাংলাদেশ লিগ রাউন্ড-৩' শুরু হবে (খেলার বাইলজ সংযুক্ত)। আপনার অবগতি ও পরবর্তী পরিকল্পনা গ্রহণের জন্য আরো জানাচ্ছি যে, লিগের পরবর্তী প্রতিযোগিতা '২০২৫ বাংলাদেশ লিগ রাউন্ড-৪ (চূড়ান্ত)' নভেম্বর মাসের ০২ তারিখে অনুষ্ঠিত হবে।

এছাড়া ১৬ অক্টোবর ২০২৫ সকাল ০৮:৪৫ মিঃ আর্চারী ট্রেনিং একাডেমিতে টিম ক্যাপ্টেনস মিটিং অনুষ্ঠিত হবে। মিটিংয়ে সকল টিম ক্যাপ্টেন এর অংশগ্রহণ অতীব জরুরী এবং বাধ্যতামূলক।

অতএব, ১৬ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য '২০২৫ বাংলাদেশ লিগ রাউন্ড-৩' এ অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

এ বিষয়ে আপনার সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে,

J. Ahmed

তানভীর আহমেদ

সাধারণ সম্পাদক

বাংলাদেশ আর্চারী ফেডারেশন।

মোবাইল: ০১৯২০-১৬১৬১৬



সংযুক্তঃ

'২০২৫ বাংলাদেশ লিগ (বিএল)' পরিচালনার নীতিমালা/বাইলজ-২০২৫।

Archery  
BANGLADESH

Head Office : 1st & 2nd Floor, Moulana Bhashani Stadium, Dhaka-1000, Bangladesh

Tel : +88-09611686113; www.archerybangladesh.org, E-mail: <barchery@gmail.com>

Archery Training Academy (ATA), Tongi, Gazipur